# স্টেকহোল্ডারকে রাজি করানো!

## প্রশিক্ষণ ও পরিকল্পনার ওয়ার্কশপ



Flora Cornish, Anuprita Shukla,
Riddhi Banerji, Catherine Campbell

CC BY

২০১২, ফ্লোরা করনিশ, অনুপ্রিতা শুক্লা, রিদ্ধি বন্দ্যোপাধ্যায়, ক্যাথরিন ক্যাম্পবেল

আপনাদের স্থানীয় চাহিদার উপর ভিত্তি করে এই ট্রেনিং মডিউলটি আপনারা প্রতিলিপি তৈরি করতে পারেন এবং বিতরণ করতে পারেন। যদি আপনারা এটা করেন, তাহলে অবশ্যই লেখককে জানাতে হবে। লেখককে জানালে, এই ট্রেনিং মডিউলটি আপনারা বিনামূল্যে পাবেন। এটি Creative Commons Attribution 3.0 Unported License প্রাপ্ত। লাইসেন্সের প্রতিলিপি দেখতে হলে http://creativecommons.org/licenses/by/3.0/ -এই ওয়েবসাইটটি ভিজিট করুন।

**লেখক**


## Flora Cornish

ব্রিটেনে লন্ডন স্কুল অফ ইকোনমিক্সের লেকচারার। f.cornish@lse.ac.uk এই ই-মেইল আইডিতে ওঁর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

## Anuprita Shukla

গ্লাসগো ক্যালেডোনিয়ান বিশ্ববিদ্যালয়ে গবেষণারত এবং পুণেতে হেলথ রিসার্চ এন্ড ডেভলপমেন্ট পরামর্শদাতা হিসেবে কর্মরত।

## Riddhi Banerji

এক্সিকিউটিভ স্তরের ডাব্লউবিসিএস আধিকারিক হিসেবে কর্মরত।

## Catherine Campbell

ব্রিটেনে লন্ডন স্কুল অফ ইকোনমিক্সে সোশ্যাল সাইকোলজির অধ্যাপক।

**ধন্যবাদজ্ঞাপন**

স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করে উৎসাহ জোগানোর জন্য **ডিএমএসসি, ভিএএমপি, এসএইচআইপি** ও **এসএএনজিআরএএম**-কে বিশেষ ধন্যবাদ। তহবিলে সাহায্য করার জন্য ব্রিটেনের ইকোনমিক এন্ড সোশ্যাল রির্সাচ কাউন্সিল এবং ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভলপমেন্ট (Research Grant number RES-167-25-0193)-কে ধন্যবাদ। যদিও এখানে উল্লেখিত মতামত লেখকের নিজস্ব। যাঁরা এবং যে সমস্ত সংস্থা আমাদের সাহায্য করেছে, এই মতামতের সঙ্গে তাদের কোনও সম্পর্ক নেই।

## বিষয়

বাস্তবতা ও উদ্দেশ্য
নীতি এবং প্রস্তুতি

| | | |
|---|---|---|
| প্রথম কাজ | : | স্টেকহোল্ডারদের কথা শোনা |
| দ্বিতীয় কাজ | : | ছবি সহ সমষ্টিবদ্ধ হয়ে কাজ করা |
| তৃতীয় কাজ | : | নাটক করা |
| চতুর্থ কাজ | : | স্টেকহোল্ডারদের সঙ্গে দেখা করা |
| পঞ্চম কাজ | : | বিভিন্ন পরিস্থিতি নিয়ে সমষ্টিবদ্ধ হয়ে কাজ করা |
| ষষ্ঠ কাজ | : | কাজের পরিকল্পনা তৈরি করা |
| সপ্তম কাজ | : | পুনর্মূল্যায়ন ও সংশোধন |



# বাস্তবতা

### এই ট্রেনিং মডিউলের প্রয়োজনীয়তা কী?

গোষ্ঠীবদ্ধ কাজের জন্য যে সমস্ত স্টেকহোল্ডারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, তাঁদের বোঝা এয়ং কাজের সুবিধার্থে এই মডিউলটি তৈরি করা হয়েছে।


এখানে অনেক প্রশিক্ষণ পর্ব আছে, যার মাধ্যমে অংশগ্রহণকারীরা স্বাস্থ্য অথবা প্রোগ্রাম ম্যানেজমেন্ট সম্পর্কে কারিগরি তথ্য পাবেন। কিন্তু বাস্তবে কাজ করাটা অনেক কঠিন। প্রভাবশালী লোকেরা গোষ্ঠীর সদস্যদের কাজে বাধা সৃষ্টি করবে। রাজনীতিক, সরকারি আধিকারিক, সাংবাদিক, অন্য স্বেচ্ছেসেবী সংস্থাগুলি অথবা স্বাস্থ্যকর্মীরা কাজে বাধার সৃষ্টি করতে পারে, আবার সাহায্যও করতে পারে। এই প্রভাবশালী ব্যক্তিদেরই আমরা স্টেকহোল্ডার বলব। সাফল্য পেতে গেলে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের সঙ্গে সচেতন ভাবে ভালো সম্পর্ক তৈরি করতে হবে। তৃণমূল স্তরের কর্মীরা প্রভাবশালী গোষ্ঠীর সঙ্গে ভালো সম্পর্ক তৈরি করতে কী কী পরিকল্পনা করবে, তা এই মডিউলটির মাধ্যমে জানা যাবে।

### এই ট্রেনিং মডিউলটি কাদের জন্য?

তৃণমূল স্তরের সংস্থাগুলিকে যারা প্রশিক্ষণ দেবে, তাদের জন্য তৈরি করা হয়েছে এই মডিউলটি।

### উদ্দেশ্য

- ❏ স্টেকহোল্ডারদের মতো জটিল ভাবে ভাবতে সাহায্য করা।
- ❏ স্টেকহোল্ডাররা কীভাবে কাজ করে, কোন বিষয়গুলি তাদের কাছে গুরুত্বপূর্ণ, গোষ্ঠীর গুরুত্ব তাদের কাছে কতটা।
- ❏ কাদের মাধ্যমে গোষ্ঠী স্টেকহোল্ডারদের প্রভাবিত করতে পারে, তা বোঝা।
- ❏ স্টেকহোল্ডারদের প্রভাবিত করার জন্য পরিকল্পনা তৈরি করা।



## নীতি

- ❑ শক্তিশালী ব্যক্তিদের উপর প্রভাব বিস্তার করতে হলে গোষ্ঠীর সদস্য ও কর্মীদের জ্ঞান অর্জন করতে হবে। এই প্রশিক্ষণের মাধ্যমে তাদের শিক্ষিত করে তোলা হবে। কিন্তু তাদের কী করা উচিত, তা শেখানো হবে না।
- ❑ কাজ করার জন্য গভীর ভাবে চিন্তা করা প্রয়োজন। তা শেখানোই এই প্রশিক্ষণের উদ্দেশ্য।
- ❑ প্রশ্নের উত্তর বলে দেওয়ার বদলে সর্বদা অংশগ্রহণকারীদের কাছ থেকে নিতে হবে।
- ❑ আপনার স্থানীয় এলাকায় বইয়ের উদাহরণ কাজ নাও-করতে পারে, কিন্তু সেই পরিস্থিতির মোকাবিলা করার জন্য প্রস্তুত থাকতে হবে।
- ❑ নানা ধরনের কাজের জন্য বিভিন্ন ধরনের স্টেকহোল্ডারের সঙ্গে কথা বলতে হবে (বুকলেটের উদাহরণ দেখুন)।
- ❑ নিজের সুবিধা মত সময় বের করে কাজ করা উচিত। প্রথম কাজকেই আগে করা উচিত। তবে এটা বাধ্যতামূলক নয়।

## প্রস্তুতি

- ❑ 'Getting stakeholders on your side' বুকলেটটি মন দিয়ে পড়ুন। ট্রেনিং মডিউলের পাশাপাশি এটা আপনাকে আরও ভাবনা ও পরামর্শ দেবে।
- ❑ তিন-চার সপ্তাহ আগে স্টেকহোল্ডারদের স্থানীয় প্রতিনিধিদের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ করুন (চতুর্থ কাজ)।
- ❑ ছবির প্রতিলিপিগুলিকে দ্বিতীয় কাজ ও কাজের পরিকল্পনা করার সময় ব্যবহার করতে হবে(এপেন্ডিক্স দেখুন)। (প্রতি ৪-৬ জন প্রতিনিধির জন্য একটি করে প্রতিলিপি তৈরি করতে পারবে না)।





স্টেকধারকগণ
1. পুলিশ
2. হাসপাতাল
3. রাজনীতিবিদগণ
4. গুণ্ডারা
5. রিক্সা চালকগণ
6. সাংবাদিকগণ
7. শিক্ষকগণ

# প্রথম কাজ: স্টেকহোল্ডারদের কথা শোনা

### উদ্দেশ্য

- ❑ স্টেকহোল্ডার বলতে আমরা কী বোঝাতে চাইছি, তা প্রথমেই অংশগ্রহণকারীদের কাছে ব্যাখ্যা করতে হবে। যাতে তাঁরা প্রশিক্ষণের উদ্দেশ্য বুঝতে পারেন।
- ❑ স্টেকহোল্ডারদের উপর প্রভাব বিস্তার করতে গেলে গোষ্ঠীর সদস্য ও সাহায্যকারীদের মতামতকে একত্র করতে হবে।
- ❑ কাজ করার জন্য বিভিন্ন এলাকাকে বাছতে হবে, যাতে বিভিন্ন ধরনের স্টেকহোল্ডারের সঙ্গে কাজ করা যায়। (প্রভাবশালী স্টেকহোল্ডার যেমন বাছতে হবে, কম গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের সঙ্গেও কাজ করতে হবে)।

**প্রয়োজনীয় সামগ্রী:** চার্ট পেপার এবং কলম

**নির্ধারিত সময়:** ১৫-২০ মিনিট

### পদ্ধতি

- ❑ সহজ উদারণ দিয়ে কাজ শুরু করতে হবে। স্টেকহোল্ডার বা গোষ্ঠীর বাইরের সদস্যদের সঙ্গে কীভাবে কাজ করতে হবে, সেটা শেখাতেই এই প্রশিক্ষণ, তা প্রথমেই বোঝাতে হবে।
  - ■ গোষ্ঠীর বাইরে কাদের সঙ্গে কাজ করতে হবে?
  - ■ লক্ষ্যে পৌঁছতে গেলে কারা আপনাকে সাহায্য করতে পারে?
  - ■ কাদের সমস্যা সৃষ্টি থেকে বিরত করতে হবে?

- ❑ চার্ট পেপারে প্রত্যেক স্টেকহোল্ডারের নাম আলাদা করে লিখতে হবে। যাতে তা সকলের চোখে পড়ে। প্রত্যেক স্টেকহোল্ডারদের সম্পর্কে বিশদে লিখে রাখা অংশগ্রহণকারীদের জন্য জরুরি।

অংশগ্রহণকারীরা সব উদাহরণ উল্লেখ করার পর সাহায্যকারীরা তাঁদের সাহায্য করবেন (বুকলেটকে সবসময় সাহায্যের উৎস হিসেবে ব্যবহার করতে হবে)। নিজের উদাহরণগুলিকে শুধু লিখে রাখলেই চলবে না, অংশগ্রহণকারীদের কাছেও তা বলতে হবে। উদাহরণ: সাংবাদিকরা কী স্টেকহোল্ডার হিসেবে প্রাসঙ্গিক।

# দ্বিতীয় কাজ: ছবি সহযোগে একসঙ্গে কাজ

গোষ্ঠীর কাজের জন্য প্রয়োজনীয় স্টেকহোল্ডারদের বাছাই করতে হবে। এর জন্য প্রথম কাজের সাহায্য নিতে হবে। এর উপর ভিত্তি করে পরের দু'টো কাজ করতে হবে।

### উদ্দেশ্য

❑ প্রথম কাজের সময় চিহ্নিত গুরুত্বপুর্ণ স্টেকহোল্ডারদের সম্বন্ধে সঠিক ধারণা তৈরি করতে হবে অংশগ্রহণকারীদের।
❑ গোষ্ঠীর কাজে স্টেকহোল্ডারদের সাহায্য নেওয়ার প্রভাবিত করতে হবে। সেটা কীভাবে করতে হবে, তা ঠিক করতে হবে অংশগ্রহণকারীদেরই।

### প্রয়োজনীয় সামগ্রী

❑ এপেন্ডিক্স ১-এ দেওয়া ছবিগুলিকে গোষ্ঠীর সদস্যদের মধ্যে বিতরণ করতে হবে।

**নির্ধারিত সময়:** প্রায় ১ ঘণ্টা

❑ ছোট ছোট গোষ্ঠীর ২০ মিনিট ধরে ছবিগুলি নিয়ে আলোচনা করতে হবে।
❑ ১০ মিনিট ধরে প্রত্যেক গোষ্ঠীর কাছ থেকে প্রতিক্রিয়া নিতে হবে এবং আলোচনা করতে হবে।


### পদ্ধতি

❑ ৪-৬ জন অংশগ্রহণকারীকে নিয়ে একটি দল তৈরি করুন। প্রত্যেক দলকে একটি করে ছবি দিন। সেটা নিয়ে আলোচনা করতে বলুন। তবে ছবিটা কোন স্টেকহোল্ডারকে বোঝাচ্ছে, সেটা আগে অংশগ্রহণকারীদের জানান।

❑ অংশগ্রহণকারীদের ছবি নিয়ে আলোচনা করতে বলুন: জানতে চান
- ■ কীভাবে এই লোকগুলি আপনাদের সাহায্য করতে পারে?
- ■ কীভাবে এই লোকগুলি সমস্যা তৈরি করতে পারে?
- ■ কীভাবে আপনি এঁদের সাহায্য করতে রাজি করাবেন?

❑ অংশগ্রহণকারীদের ছবি সম্বন্ধে একটা গল্প বলতে বলুন। প্রতিক্রিয়া দেওয়ার জন্য প্রতিটি দল থেকে একজনকে বেছে নিন।
❑ প্রতিটি ছোট দল ছবিটা দেখাবে আর সেটা নিয়ে একটা করে গল্প বলবে।

স্টেকহোল্ডারদের সাহায্যকারীতে পরিণত করতে আলোচনা করার জন্য একটা পরিকল্পনা তৈরি করুন। স্টেকহোল্ডারদের যে সমস্ত বিষয় নিয়ে আলোচনা করতে চাইছেন, সেই সংক্রান্ত নতুন ভাবনার জন্য বুকলেটের সাহায্য নিতে পারেন।



# তৃতীয় কাজ: নাটক তৈরি



গোষ্ঠী ও স্টেকহোল্ডারদের মধ্যে কথপোকথনের ওপর একটি নাটক তৈরি করতে হবে। স্টেকহোল্ডারের চরিত্রায়ণ দেখে দর্শকরা উপভোগ করবে। এই নাটক দেখে শুধু আনন্দই হবে না, কাজ করারও শক্তি পাওয়া যাবে।

**উদ্দেশ্য**

- ❏ প্রথম কাজের সময় চিহ্নিত গুরুত্বপুর্ণ স্টেকহোল্ডারদের সম্বন্ধে সঠিক ধারণা তৈরি করতে হবে অংশগ্রহণকারীদের।
- ❏ স্টেকহোল্ডারদের সঙ্গে কোন বিষয়ে আলোচনা করতে গেলে, সবচেয়ে বেশি সমস্যা হয়, তা নিয়ে অংশগ্রহণকারীদের মতামত নিতে হবে।
- ❏ এই সমস্যাগুলিকে কীভাবে মোকাবিলা করা হবে, প্রথমেই সে দিকে নজর দিতে হবে।

**নির্ধারিত সময়:** প্রায় ২ ঘণ্টা

- ❏ ছোট দলে ভাগ হয়ে নাটক তৈরি করতে হবে। এর জন্য প্রতিটি দলকে ৩০ মিনিট করে সময় দেওয়া হবে।
- ❏ ১৫ মিনিট নাটক পরিবেশন ও আলোচনার জন্য বরাদ্দ করতে হবে।

## প্রয়োজনীয় সামগ্রী (না-ও ব্যবহার করা হতে পারে)

- ❑ খুব সাধারণ প্রপস স্টেকহোল্ডারদের জন্য ব্যবহার করতে হবে (যেমন: সরকারি আধিকারিকের জন্য একটা টেবল আর কয়েকটা ফাইল অথবা সাংবাদিকদের জন্য একটা নোটবুক)।

## পদ্ধতি

- ❑ ৬-১০ নিয়ে একটি করে গ্রুপ তৈরি করতে হবে।
- ❑ প্রতিটি গ্রুপকে একজন করে স্টেকহোল্ডারের সঙ্গে আলোচনা করতে বলুন। (তাঁরা কোনও বিষয়কে গুরুত্ব দিলে সেটাকে সহজ ভাবে নিন)।
- ❑ গোষ্ঠীর সদস্যরা স্টেকহোল্ডারদের বোঝাচ্ছে, এ নিয়ে প্রত্যেক গ্রুপকে নাটক তৈরি করতে বলুন। কেউ গোষ্ঠীর সদস্যের চরিত্রে অভিনয় করবে আবার কেউ স্টেকহোল্ডারের চরিত্র অভিনয় করে দেখাবে। দেখতে হবে কী হল? কে কী বলল? কী ফলাফল হল?
- ❑ নাটকীয় ভাবভঙ্গী, আবেগ, হাসি দিয়ে নাটককে প্রানবন্ত করে তুলতে হবে।
- ❑ পরে প্রতিটি গ্রুপকে নিয়ে নাটক সম্বন্ধে আলোচনা করতে হবে।
- ❑ নাটকের গুরুত্বপূর্ণ অংশগুলি মনে করুন। আর সেগুলিকে কার্যক্ষেত্রে ব্যবহার করুন।



# চতুর্থ কাজ: স্টেকহোল্ডারদের সঙ্গে সাক্ষ্যাৎ

স্টেকহোল্ডারদের সম্বন্ধে জানার সেরা উপায় হল, তাঁদের সঙ্গে দেখা করা। প্রশিক্ষণের সময়ই স্টেকহোল্ডারদের ডাকতে হবে। তাঁদের আমন্ত্রণ জানানোর কাজটা করতে হবে সাহায্যকারীদের। এমন কোনও সাংবাদিক বা পুলিশ অফিসার অথবা অন্য কোনও প্রভাবশালী ব্যক্তি আছেন, যাঁরা আসতে রাজি হবেন? প্রত্যেককেই আলাদা ভাবে উপস্থিত করতে হবে।

### উদ্দেশ্য

- ❑ সাহায্যকারী ও গোষ্ঠীর সদস্যদের স্টেকহোল্ডারদের মতামত সম্বন্ধে অবগত করতে হবে।
- ❑ গোষ্ঠীর সদস্যদের স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলার উপযুক্ত করে তুলতে হবে।
- ❑ স্টেকহোল্ডারদের সঙ্গে সম্পর্ক তৈরি করতে হবে। এই কাজ করার জন্য গোষ্ঠীর মধ্যে থেকেই সদস্যদের বাছাই করতে হবে।

**নির্ধারিত সময়:** প্রায় ১ ঘণ্টা

- ❑ ১৫-২০ মিনিট স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলার জন্য।
- ❑ ২০-৩০ মিনিট আলোচনার জন্য।

### পদ্ধতি


- ❑ প্রশিক্ষণের কয়েক সপ্তাহ আগে এক বা একাধিক স্টেকহোল্ডারকে আমন্ত্রণ জানান।

- ❑ স্টেকহোল্ডারদের বলুন, আরও ভালো সম্পর্ক তৈরির জন্য তাঁদের পছন্দ-অপছন্দগুলি জানা প্রয়োজন (সাংবাদিক, পুলিশ)।

- ❑ বলার জন্য স্টেকহোল্ডারদের ১৫-২০ মিনিট সময় দিন।

- ❑ স্টেকহোল্ডারদের বক্তব্য সম্বন্ধে মতামত জানাতে এবং প্রশ্ন করার জন্য অংশগ্রহণকারীদের ডাকুন। এর ফলে বিতর্ক তৈরি হতে পারে, তাতে বাধা দেওয়া উচিত নয়।

- ❑ স্টেকহোল্ডারদের সঙ্গে ভালো সম্পর্ক তৈরির জন্য কী প্রয়োজন, তা আলোচনা করেই প্রশিক্ষণ শেষ করুন।



# পঞ্চম কাজ:
# পরিস্থিতির ওপর ভিত্তি করে গ্রুপ ওয়ার্ক



আমন্ত্রিত স্টেকহোল্ডারদের প্রশিক্ষণের এই অংশে উপস্থিত থাকার জন্য অনুরোধ করুন। তাঁদের প্রতিক্রিয়া খুব মূল্যবান। যদি তাঁরা থাকেন, তাহলে সমাজের যে অংশ থেকে তাঁরা এসেছেন, তার উপর ভিত্তি করে প্রশিক্ষণের বিষয়বস্তু তৈরি করুন। (যেমন-সরকারি আধিকারিক, পুলিশ অফিসার)।

ছোট ছোট গ্রুপকে একটা পরিস্থিতি দিন। আর সেটা নিয়ে আলোচনা করতে বলুন। প্রত্যেকটি পরিস্থিতিই স্টেকহোল্ডারদের সঙ্গে সম্পর্কিত হতে হবে। পরিস্থিতি মোকাবিলা করার জন্য গ্রুপগুলিকে পরিকল্পনা করতে বলুন। আমরা এখানে কিছু সমস্যার উদাহরণ দিয়েছি। তা সত্ত্বেও নিজের মতো করে ভাবুন। কারণ স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলতে গিয়ে হয়ত সম্পূর্ণ নতুন সমস্যার সম্মুখীন হতে পারেন। মূল সমস্যা নিয়ে ভাবুন, অংশগ্রহণকারীদের বলুন, সেই সমস্যা থেকে বেরিয়ে আসার পথ খুঁজুতে।

**উদ্দেশ্য**

- ❑ স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলার সময় তৈরি হওয়া সমস্যার সমাধান করার জন্য বাস্তব সম্মত পরিকল্পনাকে খুঁজে বের করা।

**নির্ধারিত সময়:** প্রায় দেড় ঘণ্টা

- ❑ ১০ মিনিট পরিস্থিতি সম্পর্কে বলা।
- ❑ ২০ মিনিট পরিস্থিতি নিয়ে আলোচনা করা।
- ❑ স্টেকহোল্ডার, সাহায্যকারী ও অংশগ্রহণকারীদের সঙ্গে আলোচনার পর সমস্যার সমাধান সম্পর্কে বলার জন্য প্রত্যেকটা গুপকে ১০ মিনিট করে সময় দিতে হবে।

## প্রয়োজনীয় সামগ্রী

- ❑ পরিস্থিতি বোঝানোর জন্য প্রয়োজনীয় সামগ্রী সংগ্রহ করতে হবে (নীচের উদাহরণগুলি দেখুন অথবা মডেলগুলো ব্যবহার করুন, কিম্বা নিজের মতো করে পরিস্থিতি তৈরি করুন)।

## পদ্ধতি

- ❑ কী কাজ করতে হবে, সেটা আগে গ্রুপগুলিকে বোঝান।
- ❑ ৪-৬ জন অংশগ্রহণকারীকে নিয়ে একটি করে গ্রুপ তৈরি করুন।
- ❑ প্রত্যেক গ্রুপকে একটি করে পরিস্থিতি দিন। সেই পরিস্থিতি মোকাবিলা করার উপায় খুঁজতে বলুন। আলোচনার পর প্রতিক্রিয়া জানানোর জন্য গ্রুপের একজনকে মুখপাত্র নির্বাচন করুন।
- ❑ সমস্যা সমাধান সম্পর্কে ভাবতে বলুন। কী কী ঝুঁকি রয়েছে, কী লাভ হতে পারে, সেগুলোও ভাবতে বলুন। (প্রয়োজনে বুকলেটের সাহায্য নিন)।
- ❑ প্রতিটি উপস্থাপনার পর স্টেকহোল্ডারদের কাছ থেকে প্রতিক্রিয়া নিন।
- ❑ বিশদে আলোচনায় উৎসাহ দিন।

# পঞ্চম কাজের জন্য প্রয়োজনীয় পরিস্থিতির উদাহরণ

**সরকারি আধিকারিক সম্পর্কিত পরিস্থিতি**

১. আপনি একটি নতুন জেলায় সিবিও হিসেবে কাজ শুরু করছেন। আপনাকে অবশ্যই কয়েকজন সরকারি আধিকারিকের কথা বলা উচিত। কাদের সঙ্গে আপনি কথা বলবেন? আপনি তাদের কী জিজ্ঞাসা করবেন? কথা বলতে যাওয়ার আগে আপনি কী ভাববেন? আপনাকে কী কোনও কাগজপত্র সঙ্গে নিয়ে যাবেন?

২. আপনার দৈনন্দিন ব্যবহারের কোন জিনিষ একজন সরকারি আধিকারিক আপনাকে দিতে পারেন? সেই সব জিনিষগুলি দেওয়ার জন্য আপনি সরকারি আধিকারিকদের কীভাবে বলবেন?

৩. আপনি একটা স্বাস্থ্য শিবির করছেন। আর আপনি চান সেখানে উপস্থিত থাকুক কয়েকজন সরকারি আধিকারিক। কীভাবে আপনি সরকারি আধিকারিকদের ওই অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য বলবেন?

**সাংবাদিক সম্পর্কিত পরিস্থিতি**

১. একজন যৌনকর্মীর ছবি বিনা অনুমতিতে সংবাদপত্রে ছাপা হয়েছে। আপনার প্রতিক্রিয়া কী হবে?

২. আপনি বিশ্ব এডস দিবস পালন করবেন। মিডিয়ার মাধ্যমে প্রচার করার জন্য আপনি কী করবেন?

৩. লালবাতি এলাকা নিয়ে একজন সাংবাদিক তথ্যচিত্র তৈরি করতে চান। আপনি তাকে কী বলবেন?

**রাজনীতিক সম্পর্কিত পরিস্থিতি**

১. বিশ্ব এডস দিবসে আপনি একটা মিছিল করবেন। মিডিয়ার মাধ্যমে প্রচার করার জন্য আপনি কী করবেন? আর আপনি চান সেখানে উপস্থিত থাকুক কয়েকজন রাজনীতিক উপস্থিত থাকুন। আপনাদের মিছিলে উপস্থিত থাকার জন্য কীভাবে রাজনীতিকদের রাজি করাবেন?

২. আপনার এলাকার পরিকাঠামো খুব খারাপ। রাস্তা খানাখন্দে ভরা। নিকাশি ব্যবস্থা ভালো নয়। কীভাবে একজন রাজনীতিকের কাছে সাহায্য চাইবেন?

৩. গুন্ডারা একজন যৌনকর্মীকে ভয় দেখাচ্ছে। একজন রাজনীতিক কী এ বিষয়ে আপনাকে সাহায্য করবেন? কীভাবে সাহায্য করতে পারেন?

**পুলিশ সম্পর্কিত পরিস্থিতি**

১. পুলিশি তল্লাশি ও অশান্তির জন্য যৌনকর্মীরা অভিযোগ করলেন। কী করবেন?

২. যৌনকর্মীদের গ্রেফতার করা হয়েছে। আপনি জানতে পারলেন ধৃতরা নাবালিকাও নয়, আবার নারী পাচারকারীও নয়। কীভাবে তাদের ছাড়িয়ে আনবেন?

৩. স্থানীয় গুন্ডারা মহিলাদের বিরক্ত করছে এবং তাঁদের কাজে বাধা সৃষ্টি করছে। যৌনকর্মীদের কাছ থেকে এই অভিযোগ পাওয়ার পর কীভাবে পুলিশের সাহায্য নেবেন?



# ষষ্ঠ কাজ: পরিকল্পনা

এক্ষেত্রে অংশগ্রহণকারীদের কাজ করার জন্য পরিকল্পনা তৈরি করতে হয়। ৪-৬ জনের একটি করে গ্রুপ তৈরি করতে হবে। যাঁরা পরিকল্পনা তৈরি করবে। সাহায্যকারীদের কাজ হবে শুধু নোট নেওয়া। প্রয়োজনে তাঁরা বই থেকে সাহায্য নিতে পারেন। ('Getting stakeholders on your side')।

প্রত্যেক স্টেকহোল্ডারই আলাদা। কেউ কেউ সহানুভূতিশীল হবেন, আবার কেউ হবেন না। কেউ কেউ আলোচনায় রাজি হবেন, কেউ হবেন না। কারও সঙ্গে সম্পর্ক তৈরি করাটাই বড় পাওনা। প্রথমে খুব কম সংখ্যক স্টেকহোল্ডারদের নিয়ে পরিকল্পনা করতে হবে। তারপর বাস্তব প্রেক্ষিত থেকে লক্ষ্য তৈরি করতে হবে। সেই অনুযায়ী লক্ষ্যে পৌঁছানোর ছক কষতে হবে।

### উদ্দেশ্য

- ❏ সাহায্য পেতে গেলে প্রত্যেক স্টেকহোল্ডারের জন্য একটা বাস্তববাদী পরিকল্পনা তৈরি করতে হবে।
- ❏ প্রশিক্ষণের শেষে অংশগ্রহণকারীদের মধ্যে পরিকল্পনাকে বাস্তবায়িত করার সক্ষমতা তৈরি হতে হবে।

### প্রয়োজনীয় সামগ্রী

- ❏ প্রথম কাজের সময় তৈরি করা স্টেকহোল্ডারদের একটা তালিকা।
- ❏ একশন প্ল্যানিং শিট (নীচে দেখুন)।

**নির্ধারিত সময়:** প্রায় ২ ঘণ্টা

- ❏ প্রথম ধাপ: ৩০ মিনিট।
- ❏ দ্বিতীয় ধাপ: ৩০ মিনিট আলোচনা; উপস্থাপন এবং আলোচনার জন্য প্রতিটি গ্রুপের বরাদ্দ ১৫ মিনিট।



| স্টেকধারকগণ | গুরুত্বপূর্ন | পরিবর্তন করতে প্রস্তুত? |
|---|---|---|
| পুলিশ | | |
| হাসপাতাল | | |
| রাজনীতিবিদগণ | | |
| গুণ্ডারা | | |
| রিক্সা চালকগণ | | |
| সাংবাদিকগণ | | |
| শিক্ষকগণ | | |
| এনজিওরা | | |

## পদ্ধতি

**প্রথম ধাপ: স্টেকহোল্ডার চিহ্নিতকরণ**

প্রথম কাজের সময় তৈরি করা তালিকা থেকে নির্দিষ্ট সংখ্যক স্টেকহোল্ডারকে চিহ্নিতকরণ। এমনভাবে এই বাছাইয়ের কাজটা করতে হবে, যাতে সব গ্রুপেরই বিভিন্ন ধরনের স্টেকহোল্ডারের সঙ্গে কাজ করার সুবিধা থাকে। বাছাইয়ের দু'টি বিষয় খেয়াল রাখা উচিত, ১ কারা সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ এবং ২ কারা সবচেয়ে বেশি সাহায্য করতে প্রস্তুত।

❑ প্রথম কাজের সময় তৈরি করা স্টেকহোল্ডারদের তালিকায় দু'টো কলাম তৈরি করতে হবে। একটিতে লিখতে হবে গুরুত্বপূর্ণ আর অন্যটিতে লিখতে হবে সাহায্য করতে আগ্রহী। তারপর গুণমান অনুযায়ী প্রত্যেক নামের পাশে দাগ দিতে হবে। একটি নামের পাশে দু'টো কলামেই দাগ মারা যেতে পারে।

❑ স্টেকহোল্ডারদের গুরুত্বপূর্ণ আর সাহায্য করতে আগ্রহী, এই দু'টি ভাগে ভাগ করার কারণও ব্যাখ্যা করতে হবে।

❑ তালিকাটা একবার পড়ে নিন। তারপর অংশগ্রহণকারীদের বলুন গুরুত্বপুর্ণ নামগুলি বেছে নিতে।

- ❑ অংশগ্রহণকারীদের চেঁচিয়ে বলতে বলুন গুরুত্বপূর্ণ নামগুলি। তবে অন্য পদ্ধতিও প্রয়োগ করা যেতে পারে।

- ❑ অংশগ্রহণকারীদের চেঁচিয়ে বলতে বলুন সাহায্য করতে প্রস্তুত স্টেকহোল্ডারদের নামগুলি। শুনে শুনে তালিকায় দাগ দিন।

- ❑ এবার তালিকা থেকে গুরুত্বহীন এবং সাহায্য করতে অনাগ্রহীদের বেছে নিন।

**দ্বিতীয় ধাপ: স্টেকহোল্ডারদের নিজের দিকে টেনে নেওয়া: সমস্যা, নক্ষ্য, পরিকল্পনা, ঝুঁকি**

- ❑ অংশগ্রহণকারীদের ৪-৬ জনের ছোট ছোট দলে ভাগ করুন।
  - ■ (i) স্টেকহোল্ডারদের সঙ্গে আলোচনা।
  - ■ (ii) একশন প্ল্যানিং শিটের প্রতিলিপি তৈরি করা।
  - ■ (iii) সাহায্যকারীদের নোট নেওয়া।

- ❑ পরিকল্পনার উপর ভিত্তি করে ৪টি ক্ষেত্র নিয়ে আলোচনা করা।
  - ■ *লক্ষ্য:* ওই ব্যক্তিকে দিয়ে আপনি কী করাতে চান?
  - ■ *পরিকল্পনা:* ওই ব্যক্তির কাছ থেকে সাহায্য পাওয়ার জন্য আপনি কী কী করবেন?
  - ■ *ঝুঁকি:* কোনটা ঝুঁকিপূর্ণ হতে পারে? এটা থেকে বাঁচতে আপনি কী করবেন?
  - ■ প্রত্যেকটা দলের প্রতিক্রিয়া: প্রত্যেক গ্রুপ তাদের আলোচনার বিষয়বস্তু উপস্থাপন করবে।

## একশন প্ল্যানিং শিট

............................................... (স্টেকহোল্ডারের নাম) কে সাহায্যের জন্য রাজি করানো

### লক্ষ্য

*এই ব্যক্তিকে দিয়ে আপনি কী করাতে চাইছেন? (নির্দিষ্ট উত্তর)*

*কাজ:*

*গোষ্ঠীর কাছে আরও বন্ধুত্বপূর্ণ হয়ে উঠুক*
*নির্দিষ্ট সমস্যার সমাধান হোক*
*গোষ্ঠীর জন্য নির্দিষ্ট সাহায্য করুন*

*সল্প মেয়াদি?*...................................................................................................

*দীর্ঘ মেয়াদি?* ..................................................................................................

### পরিকল্পনা

*এই ব্যক্তির কাছ থেকে সাহায্য পাওয়ার জন্য আপনি কী কী করবেন?*

*কাজ:*

*বন্ধুত্বপূর্ণ আলোচনা, উপহার দেওয়া?*
*ফেরত পাওয়ার আশায় কিছু দেওয়া?*
*নিজের অধিকার বর্ণনা করা?*
*প্রতিবাদ সংগঠিত করা?*

.............................................................................................................

.............................................................................................................

### ঝুঁকি

*ভুল কী হতে পারে?*

*কাজ:*

*তাঁরা দেখা করতে রাজি না-ও হতে পারে*
*রেগে গিয়ে পরে দেখা না-ও করতে পারে*
*আপ নার দেওয়া সবকিছু নেওয়ার পর সাহায্য করতে অস্বীকার করল*
*স্টেকহোল্ডারদের রেগে যাওয়ার কী কোনও কারণ আছে?*
*অন্যান্য......*

.............................................................................................................

# সপ্তম কাজ: পুনর্মূল্যায়ন ও সংশোধন

### উদ্দেশ্য

- প্রশিক্ষণের শেষটা যেন অর্থবহ হয়।
- স্টেকহোল্ডারদের সঙ্গে কথা বলার পদ্ধতি ফের আলোচনা করা।
- পরে আরও ভালো করার জন্য শেষে অংশগ্রহণকারীদের প্রতিক্রিয়া নিতে হবে।

**নির্ধারিত সময়:** প্রায় ২০ মিনিট


- ১০ মিনিট পুনর্মূল্যায়ন।
- ১০ মিনিট সংশোধন।

### পদ্ধতি


- ১. পুনর্মূল্যায়ন।
    - সংক্ষেপে প্রশিক্ষণের উদ্দেশ্য এবং কী হল, তা বর্ণনা করা।
    - অংশগ্রহণকারীদের পরিকল্পনার কথা জেনে নিন। তাঁদের পরবর্তী পদক্ষেপটাও বুঝে নিন।
- ২. সংশোধন
    - এটা গ্রুপের মধ্যে আলোচনার মাধ্যমে করতে হবে। প্রশিক্ষণ সফল হল কি না। তা নিয়েও আলোচনা করতে হবে।
    - (i) প্রশিক্ষণে আপনি কী কিছু শিখতে পারলেন? কী শিখলেন, তা বর্ণনা করুন।
    - (ii) আপনি কী উপভোগ করেছেন? সবথেকে ভালো কী ছিল?
    - (iii) কোনটা ভালো ছিল না? কোনটা পরেরবার আরও ভালো করা যেতে পারে?




# পরিশিষ্ট ১
# গোষ্ঠীর কাজে ব্যবহার করার চিত্রগুলি
# [ক্রিয়াকলাপ ২]













पूरग्रस्तांना मदत







**যোগাযোগের ঠিকানা:**

Dr Flora Cornish
Methodology Institute
London School of Economics
Houghton St
London WC2A 2AE
UK

ফোন: +44 (0)20 7405 7686
ই-মেল: f.cornish@lse.ac.uk
ওয়েবসাইট: http://sites.google.com/site/communitymobilisation

**আরও কপি:**

ইংরেজি, হিন্দি, বাংলা ও মারাঠিতে দেখার জন্য দেখুন
http://sites.google.com/site/cbostrainingmodule/

**বুকলেট:**

বুকলেট ডাউনলোড করা যাবে:
http://sites.google.com/site/cbosbooklet/